# দিঘলিয়া উপজেলা পরিষদের জুন/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-৬)

সভাপতি : শেখ মারুফুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২২ জুন ২০২৩, বৃহস্পতিবার

সময় : বেলা ১২: ৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত মে/২০২৩, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | মে /২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২. | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, জুন ২০২৩ মাসে ০৮ টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে, যথাসময়ে সভা আহবান পূর্বক সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভা আহবান করতে হবে এবং মাসিক সাধারন সভার কার্যবিবরনীতে অন্তর্ভুক্ত করারমত বিষয়টুকু গুছিয়ে এই কার্যবিবরণীর ফরমেটে সফট কপি ও হার্ড কপি দিতে হবে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান- দ্বয় |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয়সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: মে/২০২৩ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়- ১৯,৫০,৯৭৯/২৪<br>মোট ব্যয়-৬,১০,১৩৭/- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৪ | উপজেলা জনস্বাস্থ্য কমিটি। | সভায় উপজেলা জনস্বাস্থ্য অফিসার জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে PSWSC প্রকল্পের আওতায় ১৫৬ টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া যায়। মাননীয় সংসদ সদস্য, খুলনা-৩ ও ৪ মহোদয় এবং স্থানীয় ইউপি চেয়ারম্যানবৃন্দের নিকট থেকে উক্ত বরাদ্দের অনুকুলে প্রাপ্ত স্থান তালিকা মোতাবেক কাজ শুরু করা হয়েছে। উক্ত বরাদ্দের প্রায় ৭৫% কাজ ইতোমধ্যেই শেষ হয়েছে এবং অবশিষ্ট কাজ চলমান আছে। মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন (আশ্রয়ন প্রকল্পে) পরিবারের জন্য =১৪ টি গভীর নলকূপ স্থাপন কাজ চলমান আছে। এছাড়াও প্রাথমিক বিদ্যালয়ে ০৫ টি Wash Block এর নির্মান কাজ চলমান আছে। সদস্য সচিব সভাকে আরও জানান যে, অত্র উপজেলায় জনস্বাস্থ্য, স্যানিটেশন ও নিরাপদ পানি সরবরাহের বিষয়টি নিশ্চি করতে হলে অবশ্যই নলকূপ স্থাপনের ক্ষেত্রে ট্যাংক/ সোকওয়েল হতে নূন্যতম ১০ মিটার বা ৩০ ফুট দূরে নলকূপ স্থাপনের জন্য স্থান নির্বাচন করতে হবে। সরকারের পরিকল্পনা অনুযায়ী একটি হতে অন্তত পার্শ্ববর্তী ১০ টি পরিবারকে নিরাপদ পানি সরবরাহের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করে নলকূপ স্থাপনের জন্য স্থান নির্বাচন | সভায় বিস্তারিত আলোচনান্তে নীতীমালা অনুযায়ী প্রাপ্ত স্থান তালিকা মোতাবেক যথাযথ নিয়ম অনুযায়ী সকল কাজ সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা জনস্বাস্থ্য, অফিসার দিঘলিয়া খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করতে হবে। সদস্য সচিব উক্ত বিষয়গুলি গুরুত্বসহকারে বিবেচনা পূর্বক তালিকা প্রেরণের জন্য মাননীয় সংসদ সদস্য, খুলনা-৩ ও ৪ মহোদয় এবং স্থানীয় ইউপি চেয়ারম্যানবৃন্দের প্রতি অহব্বান করেন। | | |
| ০৫ | উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি | সভায় উপজেলা মহিলা বিষায়ক অফিসার জানান যে, জানুয়ারী/২০২৩ মাসে দিঘলিয়া ও আড়ংঘাটা ইউনিয়নে ভিডব্লিউবি ২০২৩-২৪ চক্রের কার্ড ও খাদ্যশস্য বিতরণ সুষ্ঠভাবে করা হয়েছে। অন্যান্য ইউনিয়নে কার্ড ও খাদ্যশস্য বিতরণ প্রক্রিয়াধীন। মা ও শিশু সহায়তা কর্মসূচিতে অন্তভূক্ত হওয়ার জন্য আবেদন অনলাইনে চলমান আছে। জানুয়ারী/২০২৩ মাসে মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম এর আওতায় ১৪ জনের নিকট হতে ১,০২,৩২৫/-(এক লক্ষ দুই হাজার তিন শত পঁচিশ) টাকা ক্ষুদ্রঋণ আদায় করা হয়েছে। আইজিএ প্রকল্পের ১৮ তম ব্যাচের প্রশিক্ষণ ও কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান আছে। এ মাসে ২ টি উঠান বৈঠক করা হয়েছে। তাছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম চলমান আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি-বিধান অনুসরণ করে দাপ্তরিক কার্য পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষায়ক অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | উপজেলা মৎস্য ও প্রানিসম্পদ কমিটি | সভায় উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ অফিসার জানান যে, সামনে ঈদুল আযহা উপলক্ষ্যে স্থায়ী ও অস্থায়ী হাট সহ মোট ০৪ (চার)টি হাট বসবে। ভেটেরিনারি মেডিকেল টিম গঠন পূর্বক দায়িত্ব বন্টন করা হয়েছে। ০৪ (চার)টি হাটে ০৪ টি ভেটেরিনারি মেডিকেল টিম হাট চলাকালীন সময়ে দায়িত্ব পালন করবে। কোরবানীর হাটের আনিত পশুর স্বাস্থ্য পরীক্ষা, অসুস্থ পশুর চিকিৎসা কাজে এই টিম দায়িত্ব পালন করে যাবে। তিনি বলেন হাট চলাকালীন উপজেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, রাজনৈতিক নেতৃত্ববৃন্দ ও হাট কমিটির সহযোগীতা কামনা করেন। নিরাপদ প্রাণিজ আমিষের চাহিদা পূরণ প্রাণিসম্পদ দপ্তরে কাজ চলমান আছে। কোরবানী যোগ্য গবাদি পশুর কোন ঘাটতি হবে না বলে প্রাণিসম্পদ কর্মকর্তা কমিটিকে অবহিত করেন। ইতোমধ্যে অত্র দপ্তরের ২০০ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। এছাড়া সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জানান যে, ২০২২-২৩ অর্থবছরে রাজস্ব খাতের আওতায় দিঘলিয়া উপজেলায় ০৩ টি বিলনার্সারি স্থাপন করা হয়েছে, ১টি প্রদর্শনী খামার স্থাপন করা হয়েছে, ১টি অভয়াশ্রম মেরামত করা হয়েছে, ৪০ জন চাষিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, ৬০২ জন চাষিকে পরমর্শসেবা প্রদান করা হয়েছে, মৎস্য চাষি ও জেলেদের উদ্বুদ্ধকরণে মোট ২৫টি সচেতনতা সভা/মতবিনিময় কর্মশালা করা হয়েছে এবং ১৯টি প্রাতিষ্ঠানিক জলাশয় ও ০৪টি উন্মুক্ত জলাশয়ে মোট ৮২৬ কেজি মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। মৎস্য সম্পদ সংরক্ষণে জনসচেতনতা সৃষ্টিতে মোট ৪৯টি সচতনতা সভা এবং আইন বাস্তবায়নে ৮৩টি পরিদর্শন,১২৩টি অভিযান পরিচালনা করা হয়েছে এবং প্রায় ৭.৮৬ লক্ষ মি অবৈধ জাল বিনষ্ট করা হয়েছে এবং ১৩টি মোবাইলকোর্টে ০৪টি মামলায় ৭,৫০০/- জরিমানা আদায় করা হয়েছে।<br>এছাড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় ২১০ জন চাষিকে মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় ২০ জন মৎস্যজীবীকে বিকল্প কর্মসংস্থান উপকারণ হিসেবে গরু প্রদান করা হয়েছে এবং সাসটেইনেবল কোস্টল এন্ড মেরিন ফিসারিজ প্রকল্পের আওতায় ১০০ জন ক্লস্টার চিংড়ি চাষিকে প্রশিক্ষণ প্রদান | সভায় বিস্তারিত আলোচনান্তে ঈদুল আযহা উপলক্ষ্যে স্থায়ী ও অস্থায়ী পশুর হাটে ভেটেরিনারি মেডিকেল টিম এর দালিত্ব সঠিক ভাবে পালন করাসহ বিলসার্সারি স্থাপন প্রদর্শনী খামার স্থাপন, অভায়াশ্রম মেরামত করা এবং চাষি প্রশিক্ষণ ও অন্যান্য আনুসঙ্গিক কাজ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ অফিসার, দিঘলিয়া খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা পল্লী উন্নয়ন কমিটি | সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, বিআরডিবি সুফলভোগীদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে পুজি গঠন কার্যক্রম অব্যাহত আছে। এ পর্যন্ত পুজি গঠনের পরিমাণ ১২৮.২৯ লক্ষ। দপ্তরের আওতাধীণ বিভিন্ন প্রকল্পে ২০২২-২০২৩ অর্থবছরে ঋণ বিতরণ লক্ষমাত্রা ৪০১.৯৯ লক্ষ প্রায় যার ১০০% বিতরণ হবে মর্মে আশা পোষন করেন। ইতোমধ্যে কোভিড-১৯ প্রণোদনা ঋণ বিতরণ ৬৬.৫০ লক্ষ টাকা, যার কিস্তি আদায়ের হার ১০০% এবং বিআরডিবির অন্যন্যা প্রকল্প ও কর্মসূচীর মোট ৩৮১.৪২ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। চলতি অর্থবছরের ১২ মাসে ৩৪৯.৮৬ লক্ষ আদায় করা হয়েছে। চলতি ঋণ আদায়ের হার ১০০%। মেয়াদউর্ত্তীণ খেলাপী ঋণ আদায়ে ইউ, এন, ও মহোদয়, উপজেলা পরিষদ ও অফিসার ইনচার্জ এর নিকট হতে আন্তরিক সহযোগীতা পাওয়া তিনি আন্তরিক ধন্যবাদ জ্ঞপন করেন। তিনি আরো জানান যে, প্রকল্প পরিচালক (অঃদাঃ) ,মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যাক্রম ইসলামী ফাউন্ডেশন কর্তৃক সোনালী ব্যাংক, পাবলিক সার্ভিস কমিশোন, ঢাকা এর চেক নং-সি জি ১০০-৭৩০২৭৫৪ তারিখ-০১/০৬/২০২৩ খ্রি: তারিখে ২৮,৮০০/- (আঠাশ হাজার আট শত) টাকার একটি চেক উপজেলা পরিষদ দালান কোটা রক্ষানাবেক্ষন হিসাব নং এ অফিসা ভাড়া পরিষদের জন্য প্রেরণ করেছেন। বর্তমানে ইসলামী ফাউন্ডেশন উপজেলা শাখাটি পরিষদের অভ্যন্তরে বিআরডিবি অফিসের জোড়া বাড়ীতে অবস্থিত সে প্রেক্ষিতে অফিস ভাড়াটি বিআডিবি প্রাপ্য হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরন করে দাপ্তরিক কার্য পরিচালনাসহ ঋণ বিতারণ ও আদায় কার্যক্রম অব্যহত রাখাসহ প্রকল্প পরিচালক (আঃদাঃ) মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম ইসলামি ফাউন্ডেশণ হতে প্রেরিত ২৮,৮০০/- (আঠাশ হাজার আট শত) টাকা উপজেলা পরিষদের দালান কোটা রক্ষণা বেক্ষণ খাতে জমা প্রদান করে জমা পূর্বক উক্ত ২৮,৮০০/(আঠাশ হাজার আট শত) টাকার চেক বিআডিবিরকে প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ০৮ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কমিটি দপ্তর | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, চলতি মৌসুমে সারাদেশে ডেঙ্গুজ্বরের প্রকোপ বৃদ্ধির আশংকা রয়েছে। তাই ডেঙ্গু প্রতিরোধের জন্য বাসস্থান, কর্মস্থলসহ পরিবেশ পরিস্কার পরিছন্নতা রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। এডিস মশা যাতে বংশ বিস্তার করতে না পারে সে জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। সন্দেহজনক ডেঙ্গুজ্বরের রোগীদের কে উপজেলা হাসপাতালে পরীক্ষার জন্য উদ্বুদ্ধ করতে হবে যাতে চিকিৎসা নিশ্চিত করা যায়। তিনি বলেন হাসপাতালে আগত রোগী ও অন্যান্যদের সাইকেল/মটরসাইকেল নিরাপদে রাখার জন্য একটি সাইকেল গ্যারেজ নির্মাণ করা প্রয়োজন। তিনি আরো বলেন আড়ুয়া এবং বামনডাঙ্গা কমিউনিটি ক্লিনিকের সামনে সংযোগ সড়ক ও আড়ুয়া কমিউনিটি ক্লিনিকের পিছনের গর্ত ও নিচু স্থানে মাটি ভরাট প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে অত্র উপজেলা সর্বস্তরের সর্ব সাধারণকে স্বাস্থ্য সচেতনতা বাড়ানোসহ হওয়ার সিদ্ধান্ত গৃহীত । | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৯ | উপজেলা প্রকৌশলী দপ্তর (ক) | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি ২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর থোক বরাদ্দের ও উপজেলা উন্নয়ন সহায়তা খাতের বরাদ্দের বিপরীতে সকল অনুমোদিত স্কীম সমূহের কাজ সমাপ্ত হয়েছে। তিনি আরো জানান উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনা অনুযায়ী দিঘলিয়া উপজেলা বিভিন্ন ইউনিয়নের বিভিন্ন রাস্তা, ড্রেন, সামাজিক প্রতিষ্ঠানের উন্নয়ন কাজের জন্য প্রকল্পের তালিকা প্রস্তুত করা হয়েছে। যা আগামী ২০২৩-২০২৪ অর্থবছরের এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিলের অর্থদ্বারা অনুমোদন স্বাপেক্ষে বাস্তবায়ন করা যেতে পারে। ইহা ছাড়া মে/২০২৩ মাসের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক ০৬(ছয়)টি প্রকল্পের প্রক্কলন প্রস্তুত করে সভায় উপস্থাপন করা হলো। চলতি ২০২৩-২০২৪ অর্থবছরের উন্নয়ন তহবিলের অর্থের বিপরীতে প্রকল্পসমূহের তালিকা সভায় পেশ করা হলো। তিনি আরো জানান যে, দিঘলিয়া উপজেলায় উন্নয়ন পরিচালনা (জাইকার) বরাদ্দকৃত= ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকার বিপরীতে স্কীম গ্রহণ করা প্রয়োজন।<br><br>উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাষ্টার প্লান প্রনয়ন ও মৌলিক অব কাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় দিঘলিয়া উপজেলাধীন ৩ টি পাবলিক টয়লেট যথাক্রমে ১) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর ভিতর, ২) উপজেলা পরিষদের ভিতর, ৩) বারাকাপুর বাজারে নির্মাণ কাজের মধ্যে সংশ্লিষ্ট ঠিকাদার ইতিমধ্যে ০২টি | সভায় বিস্তারিত আলোচনান্তে স্কীমসমূহ যাচাই বাছাই করে আগামী সভায় অনুমোদনের নিমিত্তে প্রাক্কলন ও প্রকল্প কমিটি উপস্থাপন করা এবং ০৬ (ছয়) টি প্রকল্পের প্রাক্কলন অনুমোদন ও দ্রুত বাস্তবায়নে লক্ষ্যে আর, এফ, কিউ পদ্ধতি অবলম্বন এবং আগামী ২০২৩-২০২৪ অর্থবছরের উপজেলা উন্নয়ন তহবিল এর অর্থথেকে বিল পরিশোধ করাসহ অবশিষ্ট প্রকল্পসমূহ অনুমোদনের জন্য প্রাক্কলন ও প্রকল্প কমিটি সভায় উপস্থাপন ও উন্নয়ন পরিচালনার প্রাপ্ত | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও<br><br>উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কাজ সমাপ্ত করেছেন। বাকি ১টি বারাকাপুর বাজারে টয়লেট নির্মাণের কাজের নির্ধারিত স্থানে ইউনিয়ন ভূমি অফিস ভবন নির্মাণের প্রস্তাব করায় একই বাজারের বারাকপুর তফশীল অফিসের অপরপাশ্বে সরকারী জায়গা পাওয়ায় উক্ত টয়টেলটি স্থাপন করা যায়কি না বিষয়টি সভায় উপস্থাপ কার হলো। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>উপজেলা প্রকৌশলী আরো জানান যে, দিঘলিয়া উপজেলা পরিষদের অভ্যন্তর চত্বরে ডাকবাংলা (রেষ্টহাউজ) নির্মাণের জন্য জায়গা রয়েছে। উক্ত জায়গায় নতুন ডাকবাংলা (রেষ্টহাউজ) নির্মাণ করা হলে বিভিন্ন সময়ে বিভিন্ন পরিদর্শন টিম ও অডিট ফারমদের থাকার সুব্যবস্থ্য হত।<br>উপজেলা প্রকৌশলী আরো জানান যে, দিঘলিয়া উপজেলা পরিষদের অভ্যন্তর চত্বরে শিল্পকলা একাডেমিক কোন ভবন নাই শিল্পকলা একাডেমিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য পরিষদ চত্বরে একটি একাডেমিক ভবন নির্মাণ করা প্রয়োজন। | টাকার বিপরীতে স্কীম গ্রহনসহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>প্রস্তাবিত স্থানে টয়লেটি নির্মাণ করাসহ নতুন ডাকবাংলা নির্মাণের প্রস্তাবটি জেলা পরিষদ খুলনা প্রেরণ ও শিল্পকলা একাডেমিক ভবন নির্মাণ করার প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ১০ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তর। | সভায় উপজেলা খাদ্যনিয়ন্ত্রক অফিসার জানান যে, উপজেলার হাট/বাজার সমূহের ভেজালমুক্ত ও নিরাপদ পণ্যসামগ্রী ন্যায্যমূল্যে জনগণ/ভোক্তার নিকট যা বিক্রয় হইতেছে। সভায় উপস্থিত সকল সদস্যগণ এ বিষয়ে বিস্তরিত আলোচনা করেন এবং দ্রুত কার্যকরী ব্যবস্থা সহ মোবাইল কোর্ট পরিচালনা বৃদ্ধি করার আহব্বান জানান। তিনি বলেন ভোক্তা অধিকার আইন বিষয়ক কর্মশালা/পরামর্শমূলক সভার মাধ্যমে ভেজালমুক্ত পণ্যসামগ্রী বিক্রয়ে বিক্রেতাগণকে উৎসাহিত করতে হবে। এ বিষয়ে উপস্থিত সকল সদস্যগণ একমত পোষন করে এবং প্রতি ইউনিয়নে স্থানীয় দোকান মালিক/ব্যবসায়ী, জনপ্রতিনিধি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তি সমন্বয়ে পরামর্শমূলক সভা করার বিষয়ে ঐক্যমত পোষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ভেজালমুক্ত পণ্য বিক্রয়ের লক্ষ্যে প্রতিকরার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১১ | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর। | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, দিঘলিয়া উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ধীন যোগীপোল ইউনিয়ন পরিবার পরিকল্পনা ক্লিনিকের স্থায়ী কোন ভবন না থাকায় দীর্ঘদিন ধরেই ইউনিয়ন পরিষদের সহযোগিতায় সিটি কর্পোরেশনের আওতাভুক্ত একটি জায়গায় সেবা কার্যক্রম পরিচালিত হয়ে আসছিল। এমতাবস্থায় যোগীপোল ইউনিয়ন পরিষদের সহযোগিতায় যদি কক্ষ বরাদ্দ পাওয়া যায় তাহলে অতি দ্রুত উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনা সাপেক্ষে জনবল নিয়োগ করে স্বাভাবিক সেবা কার্যক্রম পুনরায় চালু করা যেতে পারে। অতি দ্রুত উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনা সাপেক্ষে জনবল নিয়োগ করে স্বাভাবিক সেবা কার্যক্রম পুনরায় চালু করা যেতে পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে যোগীপোল ইউনিয়ন পরিষদের যে কোন একটি কক্ষ বরাদ্দ সাপেক্ষে পুনরায় পরিবার পরিকল্পনা সেবা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১২ | উপজেলা নির্বাহী অফিসার | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সভায় সকল ইউনিয়ন চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষন পূর্বক জানান যে, সরকারের বিভিন্ন উন্নয়ন কাজের সুবিধার্থে স্ব স্ব ইউনিয়ন মেম্বারগণদের প্রশিক্ষণ দেওয়র জন্য তিনি সভায় অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রত্যেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল ইউপি চেয়ারম্যান দিঘলিয়া, খুলনা। |
| ১৩ | চেয়ারম্যান উপজেলা পরিষদ | সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরের দিঘলিয়া উপজেলা বিভিন্ন ইউনিয়নের বিভিন্ন রাস্তা, ড্রেন, সামাজিক প্রতিষ্ঠানের উন্নয়ন কাজের জন্য প্রকল্পের তালিকা প্রস্তুত করে দ্রুত টেন্ডার আহবান করার জন্য তিনি উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। তিনি আরো বলেন উপজেলা উন্নয়ন পরিচালনা (জাইকার) যে বরাদ্দ পাওয়া গিয়াছে তার বিপরীতে প্রত্যেক ইউনিয়ন থেকে প্রকল্প প্রেরণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। তিনি আরো বলেন দিঘলিয়া সদর ইউনিয়নের চেয়ারম্যান এর ইউনিয়ন পরিষদের প্যাডে | সভায় বিস্তারিত আলোচনান্তে দ্রুত স্কীমসমূহ যাচাই বাছাই করে আগামী সভায় অনুমোদনের নিমিত্তে প্রাক্কলন ও প্রকল্প কমিটি উপস্থাপন করাসহ উন্নয়ন পরিচালন (জাইকার) প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদেরকে প্রকল্প প্রেরণ করাসহ মোল্যা | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | লিখিত আবেদনের ০২ নং ওয়ার্ডের মোল্যা বাড়ি জামে মসজিদ এর উন্নয়ন প্রকল্পটি দ্রুত বাস্তবায়ন করা প্রয়োজন। | বাড়ি জামে মসজিদ প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের জন্য আর, এফ, কি উ, পদ্ধতী অনুসরন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫০০০/-<br>০৩। উপজেলা পরিষদের কমিটির সভা পরিচালনা ব্যয় বাবদ=৮০০০/-<br>০৪। চেয়ারম্যান, মহোদয়ের মে/২০২৩ মাসের সম্মানী ও বাড়ীভাড়া = ৪৫,০০০/-<br>০৫। ভাইস চেয়ারম্যানের মে/২০২৩ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৬। মহিলা ভাইস চেয়ারম্যানের মে/২০২৩ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৭। জনাব টিমলা দাস, পরিচ্ছন্নতাকর্মী এর মে/২০২৩ মাসের দৈনিক ভাতা বাবদ=১৪,৮৫০/-<br>০৮। জনাব লিয়াকত আলী খান, মালী এর মে/২০২৩ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৪,৩০০/-<br>০৯। চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা এর মে/২০২৩ মাসের ভ্রমণ বিল বাবদ ১১,৪৫৫/-<br>১০। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর মে/২০২৩ মাসের ভ্রমণ বিল বাবদ=৬,০০০/-<br>১১। ভাইস চেয়ারম্যান মহিলা উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর মে/২০২৩ মাস ভ্রমণ বিল বাবদ= ৬,০০০/-<br>১২। মেসার্স খুলনা ফিলিং স্টেশন এর নামে উপজেলা পরিষদের জীপগারির জ্বালানী তেলের বিল বাবদ =১,২৩,৯৪৮/-<br>১৩। বিজন কুমার মন্ডল (উপ-সহকারী প্রকৌশলী), দিঘলিয়া এর নামে ২০২২-২৩ অর্থবছরের উপজেলা পরিষদ বাসাবাড়ী মেরামত খাতের আওতায় ০৩টি প্যাকেজের দরপত্র মূল্যায়ন কমিটির সম্মানী বাবদ=১৫,০০০/-<br>১৪। মোসাঃ সালেহা বেগম উপজেলা নির্বাহী অফিস এর নামে উপজেলা পরিষদের ভিতর ৪টি ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন কাজের বিল বাবদ=২৪,৮০০/-<br>১৫। আব্দুল হাকিম মল্লিক উপজেলা পরিষদ এর নামে উপজেলা পরিষদের বিভিন্নস্থানে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন কাজের বিল বাবদ=২৫,০০০/-<br>১৬। মোসা: সালেহা বেগম অফিস সহায়ক উপজেলা নির্বাহী অফিস এর নামে উপজেলা নির্বাহী অফিসার এর বাসভবন রংকরন ও আনুসঙ্গিক খরচ এর বিল বাবদ=২৫,০০০/-<br>১৭। মোসা: সালেহা বেগম অফিস সহায়ক উপজেলা নির্বাহী অফিস এর নামে উপজেলা নির্বাহী অফিসার এর বাসভবন রংকরন ও আনুসঙ্গিক খরচ এর বিল বাবদ=২৫,০০০/-<br>১৮। মোসা: সালেহা বেগম অফিস সহায়ক উপজেলা নির্বাহী অফিস এর নামে উপজেলা নির্বাহী অফিসার এর বাসভবন রংকরন ও আনুসঙ্গিক খরচ এর বিল বাবদ=২৫,০০০/-<br>১৯। মোঃ হাফিজুর রহমান অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, এর নামে উপজেলা পরিষদের ০৪ (চার)টি মিটারের এপ্রিল/২৩ মাসের বিদ্যুৎ বিল বাবদ=২০,০২৫/-<br>২০। কালিপদ অধিকারী গ্রাম পুলিশ এর নামে গাজীরহাট ইউনিয়নের বিভিন্ন স্থানে মশক নিধনের কীট স্প্রে ও আনুসঙ্গিক খরচ বিল বাবদ=১০,০০০/-<br>২১। মোঃ ফজলুর রহমান, গ্রাম পুলিশ এর নামে আড়ংঘাটা ইউনিয়নের বিভিন্ন স্থানে মশক নিধনের কীট স্প্রে ও আনুসঙ্গিক খরচ বিল বাবদ=১০,০০০/-<br>২২। সৌরর গ্রাম পুলিশ এর নামে বারাকপুর ইউনিয়নের বিভিন্ন স্থানে মশক নিধনের কীট স্প্রে ও আনুসঙ্গিক খরচ বিল বাবদ=১০,০০০/-<br>২৩। বিল্লাল গ্রাম পুলিশ এর নামে সেনহাটি ইউনিয়নের বিভিন্ন স্থানে মশক নিধনের কীট স্প্রে ও আনুসঙ্গিক খরচ বিল বাবদ=১০,০০০/-<br>২৪। মোঃ হাফিজুর রহমান অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, এর নামে উপজেলা পরিষদের ০৪ (চার)টি মিটারের মে/২৩ মাসের বিদ্যুৎ বিল বাবদ=১৭,১৬২/-<br>২৫। মোঃ হাকিম মল্লিক উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের মে/২০২২ মাস হতে এপ্রিল/২০২৩ মাস পর্যন্ত ০২টি টেলিফোন বিল বাবদ=৪,১৭৬/-<br>২৬। সেসার্স খুলনা ফিলিং ষ্টেশন, উপজেলা পরিষদের জীপ গাড়ির মে/২০২৩ ও জুন/২০২৩ মাসের জ্বালানী তেলের বিল বাবদ=৭০,৪২১/- | ৬,১০,১৩৭/- |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়

(শেখ মারুফুল ইসলাম)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০- ৪৩৮

তারিখ: ২২.০৬.২০২৩ খ্রি:

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। বেগম মন্নুজান সুফিয়ান, মাননীয় সংসদ সদস্য- খুলনা-৩ ও মাননীয় প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

০২। জনাব আব্দুস সালাম মূর্শেদী, মাননীয় সংসদ সদস্য- খুলনা-৪, ও সদস্য যুব ও ক্রীড়া এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য।

০৩। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

০৫। জেলা প্রশাসক, খুলনা।

০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

০৭। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

০৮। উপজেলা ..................................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।

০৯। চেয়ারম্যান, ......................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।

১০। জনাব .............................................. সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলনা।

(খান মাসুম বিল্লাহ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।
ফোন: ০৪১-৮৯০০০২